**প্রার্থী ফোরাম বলতে কী বোঝায়?**

- প্রার্থী ফোরাম – প্রার্থীদের জন্য একটি সুযোগের ব্যবস্থা যেখানে এডুকেশন কাউন্সিলে পরিসেবাদানের জন্য কেন তাদের নির্বাচন করা প্রযোজন সে কথাগুলো তারা পিতামাতা এবং যারা তাদেরকে নির্বাচন করবেন সেই কম্যুনিটি সিলেক্টরদের সাথে মিলিত হয়ে আলোচনা করতে পারেন।

**প্রার্থী ফোরামে অংশগ্রহণ কি প্রার্থীদের জন্য বাধ্যতামূলক?**

- না। কিন্তু প্রার্থীদের অংশগ্রহণ জোরালোভাবে উৎসাহিত করা হয়। ফোরামগুলো প্রার্থীদেরকে সরাসরি কম্যুনিটির সাথে সংশ্লিষ্ট হবার সুযোগ দেয় এবং কেন তারা বিশ্বাস করেন যে, কাউন্সিলে তাদের নির্বাচিত হওয়া উচিত সেবিষয়টি প্রকাশের সুযোগও তারা পান।

**প্রার্থীতার আবেদন ছাড়া, কাউন্সিল নির্বাচন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট হবার পিতামাতাদের আর কোন উপায় আছে কি?**

- হ্যাঁ, পিতামাতাদের অংশগ্রহণের আরও অনেক উপায় আছে। আপনি কাউন্সিলের জন্য অন্য প্রার্থী বাছাইয়ে সহায়তা করতে পারেন; এপ্রিলের শেষের দিকের প্রার্থী ফোরামে যোগ দিতে এবং প্রার্থীদের সম্পর্কে প্রশ্ন রাখতে পারেন; আপনি যে প্রার্থীকে সমর্থন করছেন তার জন্য প্রচারণা চালাতে পারেন; এবং সিলেক্টর ভোটের সময় আপনি যে প্রার্থী বা প্রার্থীদেরকে সমর্থন করেন, তাকে বা তাদেরকে ভোট দিতে প্যারেন্ট সিলেক্টরদেরকে অনুরোধ জানাতে পারেন।

## গুরুত্বপূর্ণ তারিখ

**১৩ ফেব্রুয়ারি-১৩ মার্চ:**
এডুকেশনাল কাউন্সিলে কাজ করার জন্য আবেদন করুন

**৮ এপ্রিল-২৫ এপ্রিল:**
ক্যানডিডেট ফোরাম

**১ মে-১৪ মে:**
সিলেকটরদের ভোট

## আরও তথ্য বা সহায়তা:

এডুকেশন কাউন্সিলগুলোর নিচের ওয়েবসাইট দেখুন
www.schools.nyc.gov/Offices/CEC/default.htm

বাছাই প্রক্রিয়া সম্পর্কে তথ্য পাওয়া যাবে নিচের ওয়েবসাইটে
www.nycparentleaders.org

আপনার অন্য কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর ওয়েবসাইট CECSelectionprocess@schools.nyc.gov দেখুন বা নম্বরে ফোন করুন 212.374.4118।

Department of Education
Dennis M. Walcott, Chancellor

ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট
প্যারেন্টস অ্যান্ড ফ্যামেলিজ

T&I- 18842 (Bengali)



# এডুকেশন কাউন্সিল-এর নির্বাচন প্রক্রিয়া

২০১৩ সালের গাইড

Department of Education
Dennis M. Walcott, Chancellor

*nycparentleaders.org*

## ২০১৩ সালের এডুকেশন কাউন্সিল নির্বাচন প্রক্রিয়া

২০১৩ সালে পিতামাতারা ডিস্ট্রিক্ট পর্যায়ে ছেলেমেয়েদের উপর প্রভাব বিস্তারকারী নীতি-নির্ধারণ ও সিদ্ধান্ত-গ্রহণের ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণের একটি অনন্য সুযোগ লাভ করবেন। কম্যুনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলগুলো এনওয়াইসি পাবলিক স্কুলগুলোর জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

### আবেদন প্রক্রিয়া

**কোন কাউন্সিলে পরিসেবা দিতে আমি কীভাবে আবেদন করতে পারি?**

- ১৩ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখ থেকে শুরু করে আপনি অনলাইনে আবেদন করতে পারেন। আবেদন প্রক্রিয়া শেষ হবে ১৩ মার্চ, ২০১৩ তারিখের রাত ১১:৫৯মি.-এ। এছাড়াও যথাসময়ে কাগজের আবেদনপত্র ডাউনলোড করার জন্য রাখা হবে।
- যাদের ব্যক্তিগত কমপিউটার ব্যবহারের সুযোগ নেই, ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (এফএসিই) তাদেরকে তথ্য দেবে কীভাবে তারা এফএসিই অফিস, স্থানীয় ডিস্ট্রিক্ট অফিস এবং স্কুল, এবং পাবলিক লাইব্রেরিতে গিয়ে কমপিউটার ব্যবহারের সুযোগ পেতে পারেন।
- কম্যুনিটি এডুকেশন কাউন্সিলে (সিইসি) পরিসেবাদানের আবেদন করতে, ক্লিক করুন। আপনি কোন সিইসি-তে (গুলোতে) কাজ করতে আগ্রহী সেটি বোঝাতে ড্রপ ডাউন বক্সটি ব্যবহার নিশ্চিত করুন!
- সিটিওয়াইড কাউন্সিলে পরিসেবাদানের আবেদন করতে, এখানে আপনি কোন্ সিটিওয়াইড কাউন্সিলে (গুলোতে) কাজ করতে আগ্রহী সেটি উল্লেখ করতে ভুলবেন না!
- জেনে রাখুন, আপনি যদি সিইসি এবং সিটিওয়াইড কাউন্সিল – উভয় স্থানে পরিসেবাদানের জন্য আবেদন করতে চান, আপনাকে দুটি (২) পৃথক আবেদনের ফরম পূরণ করতে হবে।

**কাউন্সিল আবেদনের ফরম পূরণ করতে কত সময় লাগে?**

- কাউন্সিল আবেদনের ফরম পূরণে আনুমানিক মোট ২৫-৩০ মিনিট সময় লাগে।

**আমি কি একাধিক কাউন্সিলে আবেদন করতে পারি?**

- হ্যাঁ, আগ্রহী পিতামাতাগণ একাধিক কাউন্সিলে পরিসেবাদানের জন্য আবেদন করতে পারেন। কিন্তু, তারা শুধুমাত্র একটি কাউন্সিলে কাজের জন্য নির্বাচিত হবে। যারা একাধিক কাউন্সিলে আবেদন করবেন, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলোকে ক্রমানুসারে সাজাতে হবে যাতে বোঝা যায় কোনটিতে কাজ করতে তারা সর্বাধিক আগ্রহী এবং কোনটিতে আগ্রহ সবচেয়ে কম।

**আমি যদি একাধিক কাউন্সিলে নির্বাচিত হই, সেক্ষেত্রে কী হবে?**

- আগেই বলা হয়েছে একাধিক কাউন্সিলে আবেদন অগ্রাধিকারের ভিত্তিতে করতে হবে। যদি কোন পিতামাতা একাধিক কাউন্সিলের জন্য নির্বাচিত হন, সেক্ষেত্রে তাকে সেই কাউন্সিলে দেয়া হবে যেখানে কাজ করতে তিনি সর্বাধিক আগ্রহী – তার অর্থ আবেদনপত্রের এক নম্বর কাউন্সিলটি।

### নির্বাচন প্রক্রিয়াটি কীভাবে কাজ করে

***সিইসি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের পিতামাতা সদস্য কীভাবে নির্বাচিত হন?***

**সিইসির জন্য** – ১ মে থেকে ১৪ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত সিলেক্টর ভোটের সময় নির্দিষ্ট নির্বাচনকারীদের দ্বারা পিতামাতা সদস্যগণ নির্বাচিত হবেন। সিলেক্টর ভোটে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের প্রত্যেকটি স্কুলের পিএ/পিটিএ-র প্রেসিডেন্ট, সেক্রেটারি, এবং কোষাধ্যক্ষ (অথবা তাদের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিগণ) ভোটদানের যোগ্য।

**সিসিএইচএস-এর জন্য** – ১ মে থেকে ১৪ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত সিলেক্টর ভোটের সময় নির্দিষ্ট নির্বাচনকারীদের দ্বারা পিতামাতা সদস্যগণ নির্বাচিত হবেন। সিলেক্টর ভোটে প্রতিটি বরোর প্রত্যেক হাই স্কুলের পিএ/পিটিএ প্রেসিডেন্ট, সেক্রেটারি, এবং কোষাধ্যক্ষ (অথবা তাদের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিগণ) ভোটদানের যোগ্য।

**সিসিইএলএল-এর জন্য** – ১ মে থেকে ১৪ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত সিলেক্টর ভোটের সময় নির্দিষ্ট নির্বাচনকারীদের দ্বারা পিতামাতা সদস্যগণ নির্বাচিত হবেন। প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, বরো এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রেসিডেন্টস্ কাউন্সিল তাদের সদস্যদের মধ্য থেকে একজন ইএলএল শিক্ষার্থীর পিতামাতাকে নির্বাচিত করবেন যিনি সিসিইএলএল নির্বাচনে নির্দিষ্ট নির্বাচক হিশেবে কাজ করবেন। প্রেসিডেন্ট কাউন্সিলে পরিসেবাদানকারী ইএলএল শিক্ষার্থীদের যদি কোন যোগ্য পিতামাতা না থাকে, সেক্ষেত্রে প্রেসিডেন্ট কাউন্সিল তার ডিস্ট্রিক্ট অথবা বরো থেকে ইএলএল শিক্ষার্থীদের একজন পিতামাতা খুঁজে নেবেন যিনি সিসিইএলএল নির্বাচনে নির্দিষ্ট নির্বাচক হিশেবে স্বেচ্ছাকর্ম করতে আগ্রহী।

**সিসিএসই-এর জন্য** – ১ মে থেকে ১৪ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত সিলেক্টর ভোটের সময় নির্দিষ্ট নির্বাচনকারীদের দ্বারা পিতামাতা সদস্যগণ নির্বাচিত হবেন। প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, বরো, এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রেসিডেন্টস্ কাউন্সিল তাদের সদস্যদের মধ্য থেকে একজন আইইপিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে নির্বাচন করবেন যিনি সিসিএসই নির্বাচনে নির্দিষ্ট নির্বাচক হিশেবে কাজ করবেন। যদি প্রেসিডেন্ট কাউন্সিলে পরিসেবাদানকারী আইইপিযুক্ত শিক্ষার্থীর কোন যোগ্য পিতামাতা না থাকে, সেক্ষেত্রে প্রেসিডেন্ট কাউন্সিল তার ডিস্ট্রিক্ট অথবা বরো থেকে আইইপিযুক্ত শিক্ষার্থীদের একজন পিতামাতা খুঁজে নেবেন যিনি সিসিএসই নির্বাচনে নির্দিষ্ট নির্বাচক হিশেবে স্বেচ্ছাকর্মে আগ্রহী।

**ডি৭৫ কাউন্সিলের জন্য** – ১ মে থেকে ১৪ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত সিলেক্টর ভোটের সময় নির্দিষ্ট নির্বাচনকারীদের দ্বারা পিতামাতা সদস্যগণ নির্বাচিত হবেন। সিলেক্টর ভোটে প্রত্যেক ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলের পিএ/পিটিএ প্রেসিডেন্ট, সেক্রেটারি, এবং কোষাধ্যক্ষ (অথবা তাদের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিগণ) ভোটদানের যোগ্য।

**নোট: কিছু কিছু ক্ষেত্রে, ১৪ মে, ২০১৩ তারিখের পর রানঅফ নির্বাচন পরিচালনা প্রয়োজন পড়তে পারে। যেখানে প্রয়োজন, এই ধরনের রানঅফ ১৬ মে এবং ২১ মে, ২০১৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে।**